দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAR. 12 2002
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# এসএসসি ঃ এবার পরীক্ষার্থীর সংখ্যা ১০ লাখের বেশী

ইত্তেফাক রিপোর্ট ॥ ১৪ এপ্রিল দেশের সকল শিক্ষা বোর্ডের ২০০২ সালের এসএসসি পরীক্ষা শুরু হবে। এবার সারাদেশে ১০ লক্ষাধিক পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশ নেবে। পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সরকারীভাবে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। পরীক্ষা চলাকালে কেন্দ্রের চারপাশে ১৪৪ ধারা জারি থাকবে। পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয় এমন ব্যক্তিবর্গ পরীক্ষার হলে ঢুকতে পারবেন না। স্কুলের ম্যানেজিং কমিটির চেয়ারমান, (২য় পৃষ্ঠার ২-এর কঃ দ্রঃ)

## এসএসসি

(প্রথম পৃষ্ঠার পর)

কমিটির সদস্যবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দকেও পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না। নকলের দায়ে কোন পরীক্ষার্থী ধরা পড়লে তাকে তৎক্ষণাৎ বহিষ্কার করা হবে। নকলে সহায়তা করার সময় কোন শিক্ষক-শিক্ষিকা ধরা পড়লে তার বিরুদ্ধে বিভাগীয় পর্যায়ে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। কোন কেন্দ্রে নকলের দাবীতে ভাংচুর অথবা অস্বাভাবিক ঘটনা ঘটলে তাৎক্ষণিকভাবে কেন্দ্র বতিল করা হবে। পরীক্ষা চলাকালে এলাকার ফটোস্ট্যাট দোকানের ওপর কড়া নজর রাখা হবে। শিক্ষা মন্ত্রণালয়, বিভিন্ন শিক্ষা বোর্ড, শিক্ষা অধিদপ্তর কর্তৃক গঠিত একাধিক ভিজিলেন্স টীম পরীক্ষা চলাকালে দেশের বিভিন্ন স্থানে পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করবেন। পরীক্ষায় নকল বিরোধী আন্দোলন জোরদার করার লক্ষ্যে শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন দেশের বিভিন্ন বিভাগীয় শহরে মতবিনিময় কার্যক্রম শুরু করেছেন। গতকাল তিনি রাজশাহীতে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিভিন্ন স্তরের মানুষের সাথে মতবিনিময় করেন।